

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য অধিদপ্তর  
মৎস্য ভবন, রমনা, ঢাকা  
www.fisheries.gov.bd

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রিস্টাব্দ

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০৩৫.২৩- ৩

বিষয়ঃ 'জাতীয় মৎস্য পদক ২০২৩'-এর মনোনয়ন প্রস্তাব আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)' অনুসারে পরিচালিত হচ্ছে। 'জাতীয় মৎস্য পদক ২০২৩'-এর প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে পঞ্জিকাভব ২০২২ খ্রিস্টাব্দ (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে।

উল্লেখ্য, প্রার্থীর জন্য প্রয়োজ্য ও নির্ধারিত মনোনয়ন ফরমে পদত্ব তথ্যাদি যাচাই-বাছাই করে উপজেলা কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক জেলা কমিটিতে প্রেরণ করতে হবে। জেলা কমিটি সুপারিশসহ প্রার্থী মনোনয়ন তালিকা মৎস্য অধিদপ্তর বরাবর প্রেরণ নিশ্চিত করবেন। আরও উল্লেখ্য থাকে যে, নীতিমালায় উল্লিখিত উপজেলা/জেলা/পার্বত্য জেলার জন্য গঠিত কমিটিসমূহ প্রার্থী নির্বাচনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। কোন উপজেলা/জেলা/বিভাগ হতে যোগ্য প্রার্থী নেই মর্মে কোন পত্র গ্রহণযোগ্য হবে না। উল্লিখিত নীতিমালা এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। এছাড়াও এ সকল তথ্যাদি মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইট [www.fisheries.gov.bd](http://www.fisheries.gov.bd) এ পাওয়া যাবে।

এমতাবস্থায়, 'জাতীয় মৎস্য পদক ২০২৩' এর প্রার্থী মনোনয়ন প্রস্তাবের হার্ডকপি ও সফটকপি (ইমেইল: [cfeo@fisheries.gov.bd](mailto:cfeo@fisheries.gov.bd) এবং [opu\\_wahed@yahoo.com](mailto:opu_wahed@yahoo.com)) আগামী ০৫/০৩/২০২৩ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

১. 'জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২০ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত)'- ৩৩ (তেত্রিশ) পৃষ্ঠা।



(খঃ মাহবুবুল হক)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোনঃ ০২-২২৩৩৮২৮৬১

ইমেইল: [dg@fisheries.gov.bd](mailto:dg@fisheries.gov.bd)

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট/ রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ (এতদসঙ্গে সংযুক্ত নীতিমালার আলোকে প্রার্থী মনোনয়নের ০৯ টি ক্ষেত্রের জন্য নির্ধারিত আবেদন ফরম মোতাবেক অধিনস্থ জেলা মৎস্য কর্মকর্তাগণ কর্তৃক মনোনয়ন প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
২. জেলা মৎস্য কর্মকর্তা,..... ও সদস্য সচিব, জাতীয় মৎস্য পদক সম্পর্কিত জেলা কমিটি (অধিনস্থ সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা এবং নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থী মনোনয়নের নির্ধারিত আবেদন ফরম ও নীতিমালার আলোকে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।